

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪০৫(আগরতলা,০৩।০১)
জিরানীয়া, ০৩ জানুয়ারী ২০১৮

**জিরানীয়া পঞ্চায়েত সমিতির শিক্ষা
স্বাস্থ্য স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

জিরানীয়া পঞ্চায়েত সমিতির সভাগৃহে সম্প্রতি শিক্ষা, স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি রঞ্জন দাস। উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দেবনাথ, ভাইস চেয়ারম্যান কালিপদ চক্রবর্তী, স্থায়ী কমিটির সদস্য সদস্যা ও বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ।

সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, ব্লক এলাকায় এখন পর্যন্ত ৫৫৪৭ জন বিভিন্ন সামাজিক ভাতা পাচ্ছেন। তিনি বলেন, গত দুই মাসে ৯৫৪ জন সুবিধাভোগীকে সামাজিক ভাতার আওতায় আনা হয়েছে।

সভায় শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, ইতিমধ্যেই ব্লক এলাকার বিদ্যালয়গুলি জিরানীয়া বিদ্যালয় পরিদর্শকের কার্যালয় থেকে প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণীর পাঠ্যবই সংগ্রহ করেছে। শিক্ষা দপ্তর থেকে প্রতি বছরই ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যবই দেওয়া হয়। জিরানীয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের প্রতিনিধি বলেন, জানুয়ারী মাসে বিশ্রামবাড়ি এলাকায় মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে।

সভায় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের প্রতিনিধি জানান, ব্লক এলাকায় ১৯ টি পঞ্চায়েত ও ভিলেজে গ্রামীণ ক্রীড়া অনুষ্ঠিত হয়েছে। সভায় চম্পকনগর ও রানীরবাজার প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের প্রতিনিধি এবং খুমলুঙ-এর বিদ্যালয় পরিদর্শকও আলোচনা করেন।
